

📃 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯: ৮৪

আরবি মূল আয়াত:

فَلَا تَعجَل عَلَيهِم اللهِ إِنَّمَا نَعُدُّ لَهُم عَدًّا ﴿ ١٨٨﴾

🗚 অনুবাদসমূহ:

সুতরাং তাদের ব্যাপারে তুমি তাড়াহুড়া করো না; আমি তো কেবল তাদের জন্য নির্ধারিত কাল গণনা করছি, — আল-বায়ান

কাজেই তাদের ব্যাপারে তাড়াহুড়ো করো না, আমি গুণে রাখছি তাদের জন্য নির্দিষ্ট (দিবসের) সংখ্যা। — তাইসিরুল সুতরাং তাদের বিষয়ে তাড়া করনা; আমিতো গণনা করছি তাদের নির্ধারিত কাল। — মুজিবুর রহমান

So be not impatient over them. We only count out to them a [limited] number. — Sahih International

৮৪. কাজেই তাদের বিষয়ে আপনি তাড়াতাড়ি করবেন না। আমরা তো গুণাছি তাদের নির্ধারিত কাল,(১)

(১) এর মানে হচ্ছে, এদের বাড়াবাড়ির কারণে তাদের জন্য আযাবের দোআ করবেন না। [ইবন কাসীর] কারণ, এদের দুর্ভাগ্য ঘনিয়ে এসেছে। পাত্র প্রায় ভরে উঠেছে। আল্লাহর দেয়া অবকাশের মাত্র আর ক'দিন বাকি আছে। এ দিনগুলো পূর্ণ হতে দিন। সুতরাং আপনি তাদের শান্তির ব্যাপারে তাড়াহুড়া করবেন না। শান্তি সত্বরই হবে। কেননা, আমি তাদেরকে দুনিয়াতে বসবাসের জন্যে যে গুনাগুনতি দিন ও সময় দিয়েছি, তা দ্রুত পূর্ণ হয়ে যাবে। এরপর শান্তিই শান্তি। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৮৪) সুতরাং তাদের বিষয়ে তাড়াতাড়ি করো না; আমি তো গণনা করছি তাদের নির্ধারিত কাল। [1]

[1] আর যখন সেই অবকাশের নির্ধারিত কাল শেষ হয়ে যাবে, তখন আল্লাহর আযাবে পতিত হবে। সুতরাং তোমার তাড়াহুড়ো করার কোন প্রয়োজন নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2334

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন